

POLLISREE

মাঠ সংগঠক

Matching Percentage PRO

Unlock Now →

Low Medium High

Application Deadline : 09 Jul 2026

Vacancy: --

Age: At most 35 years

Location: Dinajpur

Salary: Negotiable

Published: 21 Jun 2026

Requirements

Education

- Bachelor/Honors

Additional Requirements

- Age At most 35 years

Responsibilities & Context

- নীতিমালা অনুযায়ী নতুন সদস্য ভর্তি করার মাধ্যমে নতুন দল গঠন বা দল পুনর্গঠন করতে হবে।
- উদ্বুদ্ধকরণ ও ফলো-আপের মাধ্যমে ১২-১৫টি দল তত্ত্বাবধানে রাখা এবং উক্ত দলসমূহে ক্ষুদ্রঋণ ও সঞ্চয় কার্যক্রম পরিচালনা করতে হবে।
- বার্ষিক কর্মপরিকল্পনা তৈরী করে, সেই অনুযায়ী অর্জন নিশ্চিত করতে হবে।
- মোট সদস্য সংখ্যা, ঋণী সদস্য সংখ্যা, কার্যকরী ঋণস্থিতি, বাৎসরিক লক্ষ্যমাত্রা এবং ওটিআর সন্তোষজনক পর্যায়ে অর্জন নিশ্চিত করতে হবে।
- প্রতিদিনের সিডিউলভুক্ত দলে যথাসময়ে উপস্থিত হয়ে দলীয় সদস্যদের উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং দলীয় সভা পরিচালনা করা সহ দলীয় রেকর্ড পত্র ও সদস্য পাশবই হাল নাগাদ রাখতে হবে।
- দল হতে প্রতিদিনের আদায়কৃত অর্থ নীতিমালা অনুযায়ী রেকর্ডভুক্ত করে যথাসময়ে সংশ্লিষ্ট হিসাবরক্ষক (ক্ষুদ্রঋণ)-এর নিকট জমা করতে হবে।
- পাশবইয়ের ব্যালান্সের সাথে কালেকশন এর ব্যালান্স নিয়মিত মিলিয়ে দেখা। কোনরূপ অমিল থাকলে তা তাৎক্ষণিক সংশোধন করতে হবে।
- সংস্থার প্রয়োজনে আভ্যন্তরীণ ও বহিঃস্থ পর্যবেক্ষক ও নীরক্ষকদেরকে প্রয়োজনীয় সহায়তা দেয়া এবং বিবিধ জরিপ কাজে সহযোগিতা করতে হবে।
- শাখার সাপ্তাহিক মিটিং-এ উপস্থিত থেকে কাজের অগ্রগতি পর্যালোচনায় অংশগ্রহণ করতে হবে।
- কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সাপ্তাহিক ও মাসিক রিপোর্ট যথাসময়ে জমা করতে হবে।

Skills & Expertise

Other Relevant Skills

Microcredit

Microfinance program

Monitoring and Evaluation

Reporting and Documentation

Supervision

Compensation & Other Benefits

- Salary Review: Yearly

Applicant List Process | Bdjobs.com

১। শিক্ষানবিশকাল শেষে চাকুরি নিশ্চিতকরণের পর সংস্থার বেতনস্কেল অনুযায়ী বেতন প্রদান করা হবে এবং

অন্যান্য সুবিধাদি যেমন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, চিকিৎসাজাতা, উৎসবভাতা ইত্যাদি প্রদান করা হবে।

২। পুরুষ কর্মীদের জন্য ইউনিটে ফ্রি একক আবাসনের সুবিধা আছে এবং নারী কর্মীদের জন্য আবাসন ভাতা/সি

ভাতা সুবিধা রয়েছে। নিয়োগ প্রাপ্ত সকল কর্মীকে দুপুরের খাবারের ভাতা ও মোবাইল বিল প্রদান করা হবে।

Workplace

Work at office

Employment Status

Full Time

Job Location

Dinajpur

Read Before Apply

১। এই পদে অভিজ্ঞতাহীন প্রার্থীগণ আবেদন করতে পারবেন। উল্লেখ্য নির্বাচিত অভিজ্ঞতাহীন প্রার্থীগণকে নিজ খরচে কমপক্ষে এক মাস বিভিন্ন ইউনিটের সাথে সম্পৃক্ত থেকে সফলভাবে প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে। উল্লেখ্য প্রশিক্ষণকালীন সময়ে সংস্থা হতে শুধুমাত্র দুপুরের খাবার ভাতা প্রদান করা হবে।

২। ক্ষুদ্রঋণ কার্যক্রমে একই ধরনের কাজের অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। এছাড়া কম্পিউটার জানা প্রার্থীগণও অগ্রগণ্য বলে বিবেচিত হবেন।

৩। আবেদনকারীদের নিজস্ব মোটর সাইকেল থাকতে হবে। উল্লেখ্য, চূড়ান্ত নিয়োগ প্রাপ্ত নারী/পুরুষ কর্মীকে বাধ্যতামূলকভাবে মোটর সাইকেল চালাতে হবে।

৪। চূড়ান্ত নিয়োগের জন্য নির্বাচিত প্রার্থীর পিতা/মাতা/ অভিভাবক বা যেকোন নিকট আত্মীয়কে জামিনদার হিসাবে কর্মীর পক্ষে সংস্থার নিকট অঙ্গীকারাবদ্ধ থাকতে হবে।

৫। নির্বাচিত প্রার্থীদেরকে যোগদানের সময় সংস্থার নিয়ম অনুযায়ী জামানত প্রদান করতে হবে।

৬। নির্বাচিত প্রার্থীকে কর্মএলাকার ৫ কিলোমিটারের মধ্যে অবস্থান করতে হবে।

৭। নির্বাচিত প্রার্থীকে কমপক্ষে ০৩ বছর চাকুরী করার অঙ্গীকার নামা প্রদান করতে হবে।

৮। প্রার্থীদেরকে বাংলাদেশের যেকোন জেলায় কাজ করার আগ্রহী হতে হবে।

Apply Procedure

Hard Copy

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এআরএ), সনদ নং- ০১৫৭২-০০৬৬০-০০৩১৩ এর সনদপ্রাপ্ত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা "পল্লীশ্রী" দেশের দিনাজপুর জেলায় পল্লী কর্ম-সহায়ক ফাইন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে ক্ষুদ্রঋণ কর্মসূচী বাস্তবায়ন করে আসছে। উক্ত কর্মসূচীর মাঠ পর্যায়ের কার্যক্রম সম্প্রসারণ করার লক্ষে উল্লেখিত পদে কিছু সংখ্যক সৎ, পরিশ্রমী, উদ্যোগী ও অভিজ্ঞ আগ্রহী প্রার্থী নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে আবেদনপত্রের সাথে একটি পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত (মোবাইল নম্বরসহ), ২ কপি রজিন পাসপোর্ট সাইজ ছবি, জাতীয় পরিচয়পত্র ও সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত ফটোকপিসহ আবেদন পত্র উল্লেখিত তারিখের অফিস চলাকালীন সময়ের মধ্যে নির্বাহী পরিচালক, পল্লীশ্রী, বালুবাড়ী, দিনাজপুর বরাবর প্রেরণ করতে হবে। খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে। শুধুমাত্র প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদেরকে লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য মুঠোফোনের মাধ্যমে ডাকা হবে। লিখিত পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তিটি সহ কোন কারণ বা ব্যাখ্যা ব্যতিরেকে আবেদনপত্র বাতিল করার এবং যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করনে।

নারী ও প্রান্তিক জনগোষ্ঠীকে আবেদনের জন্য উৎসাহিত করা হলো।

Company Information

POLLISREE

Address:

Balubari, Dinajpur- 5200

Website:

www.pollisree.org

+ Follow